


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
ফকিরহাট, বাগেরহাট।  
www.dae.fakirhat.bagerhat.gov.bd

স্মারক নং - ১৩৪

তারিখ - ২১/০৩/২০২৪ খ্রিঃ

বিষয়ঃ নির্বিঘ্নে বোরো ধান আবাদে বিপিএইচ, মাজরা পোকা, বিএলবি ও ব্লাস্ট দমনে আগাম কার্যকর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যেহেতু বর্তমান আবহাওয়া বোরো ধানের বিপিএইচ, মাজরা পোকা, বিএলবি ও ব্লাস্ট আক্রমণের অনুকূল অবস্থা বিরাজ করছে। সেহেতু ফকিরহাট উপজেলায় বোরো ধানের জমিতে বিপিএইচ, মাজরা পোকা, বিএলবি ও ব্লাস্ট দ্বারা আক্রমণ হতে পারে মর্মে সকলকে সতর্ক করা যাচ্ছে। এমতাবস্থায় বিপিএইচ, মাজরা পোকা, বিএলবি ও ব্লাস্ট দমনে আগাম সতর্কতার জন্য সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তাকে আরও কর্মতৎপর হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো। সেইসাথে অবস্থার প্রেক্ষিতে চাহিদা অনুযায়ী কৃষক সমাবেশ, গুপসভা, পথসভা, রোগ পোকামাকড় দমনের লিফলেট বিতরণ, নিয়মিত ব্লক সার্ভিলেন্স জোরদারকরণ, আলোক ফাঁদ ইত্যাদির মাধ্যমে নির্বিঘ্নে বোরো ধান আবাদে সকল কার্যকরী ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে যাবতীয় কার্যক্রম এবং সার্বক্ষণিক ব্লকে কর্মতৎপরতার প্রমাণক কৃষি পরিবার, ফকিরহাট, বাগেরহাটে আপ্লোড করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। পাশাপাশি এএও/এএইও/এসএপিপিও-কে সার্বক্ষণিক ব্লকের কার্যক্রম অবহিতকরণ, যাবতীয় কার্যক্রম মনিটরিং এবং সেই মনিটরিং এর লিখিত প্রতিবেদন নিম্নসাক্ষরকারী বরাবর উপস্থাপনের জন্য জোর নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য যে, কোনোরকম গাফিলতির কারণে উক্ত রোগ পোকামাকড়ের আক্রমণের দরুন কৃষকের বোরো ধানের জমি ক্ষতিগ্রস্ত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন।

  
(শেখ সাখাওয়াত হোসেন)  
উপজেলা কৃষি অফিসার  
ফকিরহাট, বাগেরহাট।

- ১। অতিরিক্ত কৃষি অফিসার (এএও), ফকিরহাট, বাগেরহাট।
- ২। সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার (এএইও), ফকিরহাট, বাগেরহাট।
- ৩। উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা (এসএপিপিও), ফকিরহাট, বাগেরহাট।
- ৪। উপসহকারী কৃষি কর্মকর্তা (সকল), ফকিরহাট, বাগেরহাট।

অনুলিপি:

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট।
- ২। জেলা প্রশিক্ষণ অফিসার, ফকিরহাট, বাগেরহাট।
- ৩। অতিরিক্ত উপপরিচালক (উদ্ভিদ সংরক্ষণ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট।
- ৪। জনাব .....
- ৫। অফিস নথি।